

## **পৌষ মাসে কৃষক ভাইদের করণীয়**

পৌষ শীতের প্রথম মাস। প্রকৃতির হিমশীতল আমেজ, পিঠাপুলির ধূম, খেজুর গুড়ের পায়েস, মাঠ প্রান্তরে কুমাশা ঢাকা সক্কা, বিন্দু বিন্দু শিশির জমা সকাল - দুপুর, বিকাল অন্যরকম আমেজ এনে দেয় জীবন পরিত্বায়। বাংলার মানবের মুখে অনে যোগাতে শীতের ঠাণ্ডা হাওয়ায় লেপের উষ্টাকে ছুড়ে ফেলে আমাদের কৃষক ভাইরা ব্যত হয়ে পড়েন মাঠের কাজে। আসুন সংক্ষেপে আমরা জেনে নেই পৌষ মাসে করণীয় বিধয়গুলো।

### **বোরো ধান**

- পৌষ মাসের তৃতীয় সপ্তাহ পর্যন্ত বোরো ধানের বীজতলা তৈরি করা থাবে। তীব্র শীতে বীজতলা ক্ষতির হাত থেকে রক্ষা করতে শুকনো বোরো বীজতলা তৈরি করুন।
- অতিরিক্ত ঠাণ্ডার সময় দিনের বেলা বীজতলা স্বচ্ছ পলিথিন দিয়ে ঢেকে রাখতে হবে এবং রাতের বেলা তুলে ফেলতে হবে। বীজতলায় চারাগাছ হলদে হয়ে গেলে অতি বগমিটারে ৭ ধাম ইউরিয়া সার উপরি প্রয়োগ করতে হবে। এরপরও যদি চারা সবুজ না হয় তবে অতি বগমিটারে ১০ ধাম করে জিপসাম দিতে হবে। বোরো ধান বীজতলার প্রয়োজনীয় পরিচর্যা করুন।
- পৌষ মাস বোরো ধানের জন্য জমি প্রস্তুত করার উপযুক্ত সময়। বোরো ধান রোপণের ক্ষেত্রে নির্দিষ্ট দূরত্বে (২০ সে. মি. × ২০ সে. মি.) চারার বয়স ৩০ দিন হলে মূল জমিতে রোপন করুন। চারা রোপনকালে শৈত্য প্রবাহ শুরু হলে কয়েক দিন দেরি করে চারা রোপন করুন।
- বোরো ধান রোপনের পর শৈত্য প্রবাহ দেখা দিলে জমিতে ৫-৭ সেন্টিমিটার পানি ধরে রাখুন।
- বোরো ধানের চারা রোপণের ১৫-২০ দিন পর প্রথম কিষ্টি এবং ৩০-৪০ দিন পর দ্বিতীয় কিষ্টি হিসেবে ইউরিয়া সার উপরি প্রয়োগ করতে হবে।

### **গম**

- গমের জমিতে ইউরিয়া সারের উপরি প্রয়োগ এবং প্রয়োজনীয় সেচ দিতে হবে।
- চারার বয়স ১৭- ২১ দিন হলে গম ক্ষেত্রের আগাছা পরিক্ষার করে বিধা প্রতি ১২-১৪ কেজি অথবা এইজেড অনুসারে ইউরিয়া সার প্রয়োগ করতে হবে এবং সেচ দিতে হবে। সেচ দেয়ার পর জমিতে জো আসলে মাটির উপর চাটা ভেঙে দিতে হবে।
- গমের জমিতে যেখানে ঘন চারা রয়েছে সেখানে কিছু চারা তুলে পাতলা করে দিতে হবে।

### **ভূট্টা**

- ভূট্টার সাথে সারী বা মিশ্র ফসলের চাষ করে থাকলে সেগুলোর প্রয়োজনীয় পরিচর্যা করতে হবে।
- চারা গাছের উচ্চতা ১০-১৫ সেন্টিমিটার হলে ১৫-২০ দিন পর পর ইউরিয়া সার উপরি প্রয়োগ করতে হবে।
- গোড়ার মাটির সাথে ইউরিয়া সার ভালো করে মিশিয়ে দিয়ে সেচ দিতে হবে।
- ভূট্টা ক্ষেত্রের গাছের গোড়ার মাটি তুলে দিতে হবে। দুই সারির মাঝে সার দিয়ে কোদালের সাহায্যে মাটি কুপিয়ে সারির মাঝের মাটি গাছের গোড়ায় তুলে দিতে হবে। ১০-১২ দিন পরপর এভাবে গাছের গোড়ায় মাটি তুলে না দিলে গাছ হলে পড়বে এবং ফলন কমে যাবে।
- এ সময় ভূট্টা ক্ষেত্রে পোকা-মাকড় ও রোগের আক্রমণ দেখা দিতে পারে। নিয়মিত মাঠ পরিদর্শন এবং Fall army worm পোকামাকড় পর্যবেক্ষণের ব্যবস্থা নিতে হবে।

### **আলু**

- আলু গাছের উচ্চতা ১০-১৫ সেন্টিমিটার হলে ইউরিয়া সার উপরি প্রয়োগ করতে হবে।
- আলু ফসলে নাবি ধসা রোগ দেখা দিতে পারে। রোগ দস্তাবেজে ২ ধাম ডায়াথেন এম ৪৫ অথবা সিকিউর অথবা ইভোফিল প্রতি লিটার পানির সাথে মিশিয়ে অথবা যেকোন অনুমোদিত ছাক্রাক্ষণশক দিনে পর প্রশ্ন করতে হবে।
- মড়ক লাগা জমিতে সেচ দেওয়া বক্ত রাখতে হবে।
- তাছাড়া আলু ফসলে মালচিং, সেচ প্রয়োগ, আগাছা দমনের কাজ গুলোও করতে হবে।
- আলু গাছের বয়স ৯০ দিন হলে মাটির সমান করে গাছ কেটে দিতে হবে এবং ১০ দিন পর আলু তুলে ফেলতে হবে।
- আলু তোলার পর ভালো করে শুকিয়ে বাছাই করতে হবে এবং সংরক্ষণের ব্যবস্থা নিতে হবে।

### **শীতকালীন সবজি**

- ফুলকপি, বাঁধাকপি, ওলকপি, শালগম, মূলা এ সব দড় হওয়ার সাথে সাথে চারার গোড়ায় মাটি তুলে দিন। চারার বয়স ২-৩ সপ্তাহ হলে সারের প্রথম উপরি প্রয়োগ সম্পন্ন করুন। সবজি ক্ষেত্রের আগাছা, রোগ ও পোকা-মাকড় নিয়ন্ত্রণ করুন। এক্ষেত্রে সেক্স ফেরোমেন ফাঁদ ব্যবহার করতে পারেন। প্রতি বিধা জমির জন্য ১০-১৫টি ফাঁদ স্থাপন করতে হবে।

### **ডাল ও তেল ফসল**

- এ মাসে রোপণকৃত ডাল ফসলের যত্ন নিন। সারের উপরি প্রয়োগ, প্রয়োগনে সেচ, আগাছা পরিক্ষার, বালাই ব্যবস্থাপনাসহ সবকটি পরিচর্যা সময়মত সম্পন্ন করুন।
- এ মাসে তেল ফসলে (সরিয়া, তিল, তিসি ও সূর্যমুরী) যত্ন নিলে কাংখিত ফলন পাওয়া যাবে।
- কন্দ পেঁয়াজের কলি ডেক্ষে দিতে হবে। চারা রোপনকৃত পেঁয়াজের উপরি সার প্রয়োগসহ অন্যান্য পরিচর্যা করতে হবে।

### **ফল-বৃক্ষ:**

- বর্ষায় রোপন করা ফল, ঔষধি বা বনজ গাছের যত্ন নিন। গাছের গোড়ায় মাটি আলগা করে দিন এবং আগাছা পরিক্ষার করুন। প্রয়োজনে গাছকে খুঁটির সাথে বেঁধে দিন ও গাছের গোড়ায় পানি ধরে রাখাৰ জন্য জাবো প্রয়োগ করুন।
- এ মাসে খড়-কুটা, পাতা, আগাছা, কচুরিপিণ্ডা দ্বারা মাটির উপরের ক্ষেত্রে মালচিং করলে মাটির রস মজুদ থাকে।

**তাছাড়া কৃষির যে কোন সমস্যায় উপজেলা কৃষি অফিস অথবা কৃষি কল সেন্টারের ১৬১২৩ নম্বরে বা কৃষক বন্ধু সেবার ৩৩৩১ নম্বরে কল নংয়ে বিশেষজ্ঞদের পরামর্শ নিতে পারেন।**